

সভা নং- ১৩

সভার তারিখ-২৭/০৮/২০২৩

সভার স্থান- মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়

সভার বিষয়ঃ জুলাই/২৩ হতে আগস্ট/২৩ মাসের যুব কার্যক্রমের অগ্রগতি

সভাপতি- শামীম আরা বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।


ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	জনাব হামিদুল হক মান্নান চেয়ারম্যান, ১০ নং আহলা-কড়লডেকা, ইউ.পি, বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০২	উপজেলা শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৩	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে কার্যক্রম সম্পর্কে আলোচনা করার আহবান জানান।

সদস্য সচিব তাঁর বক্তব্যের শুরুতেই, “যুব ও ক্রীড়া উন্নয়ন” সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতিতে যুব উন্নয়ন অধিদপ্তর ও কমিটির পক্ষ থেকে অভিনন্দন ও স্বাগত জানান। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং পাঠ শেষে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি জানান চলতি অর্ধবছরে (২০২৩-২০২৪) এপিও চুক্তিমাতে অত্র উপজেলায় ১৪ ব্যাচে মোট ৪২০ জন যুবকে (প্রতি ব্যাচে ৩০ জন) স্থানীয় চাহিদামতে বিভিন্ন ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, চলতি ২০২৩-২০২৪ অর্ধবছরে ৭০ জন যুব ও যুব মহিলাকে ৩৩,০০,০০০/- (তেরিশ লক্ষ) টাকা যুব ঋণ বিতরণ করা লক্ষ্যমাত্রা দেওয়া হয়। তাছাড়া প্রশিক্ষিত যুবদের মধ্য হতে ৭৮ জনকে আত্মকর্মী এবং একটি যুব সংগঠনকে রেজিস্ট্রেশন প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়। সে মোতাবেক আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় চলতি অর্ধবছরে আগস্ট/২৩ ইং পর্যন্ত ১টি ব্যাচে মোট ৩০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষিত ও আত্মকর্মী ০৯ জন যুব ও যুব মহিলাকে ৪,০০,০০০/- (চার লক্ষ) যুব ঋণ বিতরণ করা হয়। প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য থেকে ০৩ জনকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলা হয়, ঋণ আদায়ের হার ৯৬, পরিবারভিত্তিক কর্মসূচীর আওতায় ঋণ আদায়ের হার ৯৯.৫৫।

ঋণ আদায়ের অগ্রগতি সম্পর্কীয় সভাপতির এক প্রশ্নের জবাবে সদস্য সচিব জানান যে, চলমান কিস্তি ও খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতার সাথে শিবিড় তদারকি অব্যাহত আছে। সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত কার্যক্রমে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

সভায় আর কোনো আলোচ্যসূচী বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে করে সভার কাজ সমাপ্ত করেন।


শামীম আরা বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বোয়ালখালী

ও

সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি, বোয়ালখালী, চট্টগ্রাম।

তাং-২৭/০৮/২০২৩ খ্রি:


সময় অবপতির জন্য কপি প্রেরিত হলো:-

স্মারক নং-৮৭৯

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।

৩। অফিস কপি।


মোহাম্মদ মাসুদ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

বোয়ালখালী, চট্টগ্রাম।